**প্রশ্ন ১: জিপিএ কত হলে আবেদন করতে পারব?**

উত্তর: আবেদন করার জন্য প্রতিটি পরীক্ষায় চতুর্থ বিষয় ব্যতীত ন্যুনতম জিপিএ ৪.০০ এবং সর্বমোট ন্যুনতম জিপিএ ৮.৫০ থাকতে হবে।

**প্রশ্ন ২: আমি যদি O ও A লেভেল পাস হই, তবে কি আমি আবেদন করতে পারব?**

উত্তর: হ্যাঁ , কিন্তু যদি আপনি O ও A লেভেলে পাস হয়ে থাকেন, তবে আবেদন করার জন্য আপনাকে O লেভেল পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় অন্তত বিজ্ঞানে ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। এছাড়াও প্রতিটিতে ন্যুনতম জিপিএ ৪.০০ এবং সর্বমোট ন্যুনতম জিপিএ ৮.৫০ থাকতে হবে। এ ক্ষেত্রে A ও B গ্রেডের জন্যে যথাক্রমে ৫ ও ৪ জিপিএ গণনা করা হবে

**প্রশ্ন ৩: ভর্তি পরীক্ষার আবেদন করতে কি কি তথ্য প্রয়োজন?**

উত্তর: ভর্তি পরীক্ষার জন্য আবেদন করার সময় আপনাকে নিচের তথ্যগুলি প্রদান করতে হবে:

- অনলাইনে পূরণযোগ্য আবেদন ফর্ম
- নিজের মোবাইল ফোন নম্বর ও ইমেইল
- পাসপোর্ট আকারের রঙ্গিন ছবির সফটকপি
- এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের স্ক্যানকপি (শুধুমাত্র O ও A লেভেল আবেদনকারীদের জন্য**)**
- আবেদন ফি (১,২০০ টাকা) অনলাইনে প্রদানের জন্য নির্ধারিত মাধ্যম (মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড)

**প্রশ্ন ৪: পরীক্ষার জন্য কোন বিষয়গুলি পড়তে হবে?**

উত্তর: ভর্তি পরীক্ষায় ইংরেজি, প্রানী বিজ্ঞান, উদ্ভিদ বিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং গণিতের বিষয়ের প্রশ্ন থাকবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য ১.০০ (এক) নম্বর প্রদান করা হবে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে।

**প্রশ্ন ৫: ফলাফল প্রস্তুত করা হবে কেমন ভাবে?**

উত্তর: মোট ১৫০ নম্বরের ভিত্তিতে ফলাফল প্রস্তুত করা হবে। ভর্তি পরীক্ষায় ১০০ নম্বরের সাথে এসএসসি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ২৫ এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ২৫ যোগ করে ফলাফল প্রস্তুত করা হবে। এছাড়াও মেধা ও অপেক্ষমান তালিকা তৈরি করা হবে।

**প্রশ্ন ৬: আমি কোথায় আবেদন ফি প্রদান করতে পারি?**

উত্তর: আপনি অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে আবেদন ফি প্রদান করতে পারেন। আপনি মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং, ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডের মাধ্যমে টাকা জমা দিতে পারেন।

**প্রশ্ন ৭: আমি পরীক্ষার কেন্দ্র নির্ধারণ কিভাবে করতে পারি?**

উত্তর: আপনার আবেদনপত্রে আপনার পছন্দসই পরীক্ষা কেন্দ্র নির্বাচন করতে হবে। আপনি ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক বিশ্ববিদ্যালয়ের নাম সিলেক্ট করতে পারেন। একটি কেন্দ্রের অধীনে এক বা একাধিক উপকেন্দ্র থাকতে পারে। পছন্দক্রমের ঘরে নির্বাচন করার পর আপনার আবেদনপত্রের পছন্দক্রম এবং আবেদন ফি প্রদানের তারিখ ও সময়ের অগ্রাধিকারের ভিত্তিতে পরীক্ষা কেন্দ্র নির্ধারণ করা হবে।

**প্রশ্ন ৮: কিভাবে অ্যাডমিট কার্ড পাব?**

উত্তর: যখন আপনার রেজিস্ট্রেশন সম্পন্ন হয়ে যাবে এবং কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ হয়ে যাবে, আপনি ড্যাশবোর্ডে এডমিট কার্ড ডাউনলোড করার অপশন পাবেন। আপনি সেখান থেকে ডাউনলোড করতে পারবেন এবং এটি পরীক্ষা সেন্টারে নিয়ে যেতে হবে। অপশনটি আপনার ড্যাশবোর্ডে উপলব্ধ থাকবে, যাতে আপনি সহজেই ডাউনলোড করতে পারবেন।

**প্রশ্ন ৯: কিভাবে মোবাইল নম্বর পরিবর্তন করব?**

উত্তর: আপনি আপনার মোবাইল নম্বর পরিবর্তন করতে চাইলে, আপনার ড্যাশবোর্ড এ অভিযোগ বক্সে সঠিক তথ্য দিয়েঅভিযোগ করতে হবে। আপনার সমস্যাটি কর্তৃপক্ষ সঠিক ভাবে যাচাই করে সমাধান করে দিবেন।

**প্রশ্ন ১০: কিভাবে ইমেল ঠিকানা পরিবর্তন করব?**

উত্তর: আপনি আপনার ইমেল ঠিকানা পরিবর্তন করতে চাইলে, আপনার ড্যাশবোর্ড এ অভিযোগ বক্সে সঠিক তথ্য দিয়ে অভিযোগ করতে হবে। আপনার সমস্যাটি কর্তৃপক্ষ সঠিক ভাবে যাচাই করে সমাধান করে দিবেন।

**প্রশ্ন ১১: কিভাবে ফটো পরিবর্তন করতে পারি?**

উত্তর: ফাইনাল সাবমিশন এর আগে আপনি নিজেই ইডিট আইকনে ক্লিক করে পরিবর্তন করতে পারবেন। কিন্তু আপনি যদি ফাইনাল সাবমিশন অথবা আবেদন ফি জমা দেয়ার পর আপনার ফটো পরিবর্তন করতে চাইলে, আপনার ড্যাশবোর্ড এ অভিযোগ বক্সে সঠিক তথ্য দিয়ে অভিযোগ করতে হবে এবং **support@acas.edu.bd** এ আপনার ফটো মেইল করতে হবে। আপনার সমস্যাটি কর্তৃপক্ষ সঠিক ভাবে যাচাই করে সমাধান করে দিবেন।

**প্রশ্ন ১২: কিভাবে কোটা পরিবর্তন করতে পারি?**

উত্তর: ফাইনাল সাবমিশন এর আগে আপনি নিজেই ইডিট আইকনে ক্লিক করে পরিবর্তন করতে পারবেন। কিন্তু আপনি যদি ফাইনাল সাবমিশন অথবা আবেদন ফি জমা দেয়ার পর আপনার কোটা পরিবর্তন করতে চাইলে, আপনার ড্যাশবোর্ড এ অভিযোগ বক্সে সঠিক তথ্য দিয়ে অভিযোগ করতে হবে। আপনার সমস্যাটি কর্তৃপক্ষ সঠিক ভাবে যাচাই করে সমাধান করে দিবেন।

**প্রশ্ন ১৩: কিভাবে ভাষা পরিবর্তন করতে পারি?**

উত্তর: ফাইনাল সাবমিশন এর আগে আপনি নিজেই ইডিট আইকনে ক্লিক করে পরিবর্তন করতে পারবেন। কিন্তু আপনি যদি ফাইনাল সাবমিশন অথবা আবেদন ফি জমা দেয়ার পর আপনার ভাষা পরিবর্তন করতে চাইলে, আপনার ড্যাশবোর্ড এ অভিযোগ বক্সে সঠিক তথ্য দিয়ে অভিযোগ করতে হবে। আপনার সমস্যাটি কর্তৃপক্ষ সঠিক ভাবে যাচাই করে সমাধান করে দিবেন।

**প্রশ্ন ১৪: কিভাবে ঠিকানা পরিবর্তন করতে পারি?**

উত্তর: ফাইনাল সাবমিশন এর আগে আপনি নিজেই ইডিট আইকনে ক্লিক করে পরিবর্তন করতে পারবেন। কিন্তু আপনি যদি ফাইনাল সাবমিশন অথবা আবেদন ফি জমা দেয়ার পর আপনার ঠিকানা পরিবর্তন করতে চাইলে, আপনার ড্যাশবোর্ড এ অভিযোগ বক্সে সঠিক তথ্য দিয়ে অভিযোগ করতে হবে। আপনার সমস্যাটি কর্তৃপক্ষ সঠিক ভাবে যাচাই করে সমাধান করে দিবেন।

**প্রশ্ন ১৫: কিভাবে পরীক্ষার কেন্দ্র পরিবর্তন করতে পারি?**

উত্তর: ফাইনাল সাবমিশন এর আগে আপনি নিজেই ইডিট আইকনে ক্লিক করে পরিবর্তন করতে পারবেন। কিন্তু আপনি যদি ফাইনাল সাবমিশন অথবা আবেদন ফি জমা দেয়ার পর আপনার পরীক্ষার কেন্দ্র পরিবর্তন করতে চাইলে, আপনার ড্যাশবোর্ড এ অভিযোগ বক্সে সঠিক তথ্য দিয়ে অভিযোগ করতে হবে। আপনার সমস্যাটি কর্তৃপক্ষ সঠিক ভাবে যাচাই করে সমাধান করে দিবেন।

**প্রশ্ন ১৬: আবেদন ফি প্রদান করতে পারছি না?**

উত্তর: আপনি আবেদন ফি প্রদান করতে না পারলে অনুগ্রহ করে পূনরায় চেষ্টা করুন।

**প্রশ্ন ১৭ : আবেদন ফি দ্বিগুণ জমা হলে করণীয় কী ?**

উত্তর: আপনি আপনার অভিযোগটি যথাযথ প্রমান সহ আপনি অভিযোগটি অ্যাপ্লিকেশন ড্যাশবোর্ডের অভিযোগ বক্সে প্রদান করুন। অভিযোগ করার সময় আপনাকে আপনার অভিযোগ এর সঠিক তথ্য উল্লেখ করতে হবে।

**প্রশ্ন ১৮ : আবেদন ফি জমা হয়েছে কিন্তু সিস্টেমে দেখাচ্ছে না ?**

উত্তর: এই সমস্যা দেখা দিলে আপনি অনুগ্রহ করে ২৪ ঘন্টা অপেক্ষা করুন। আপনার সমস্যাটি কর্তৃপক্ষ সঠিক ভাবে যাচাই করে সমাধান করে দিবেন। যদি ২৪ ঘন্টার মধ্যে আপনার সমস্যাটি সমাধান না হয়ে থাকে তাহলে আপনাকে ড্যাশবোর্ড এ অভিযোগ বক্সে সঠিক তথ্য দিয়ে অভিযোগ করতে হবে।